

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদফতর
ময়মনসিংহ

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাপতি : তাপস ফলিয়া
অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ

তারিখ : ১২ মার্চ ২০২৩

সময় : সকাল- ১০.০০ ঘটিকা

স্থান : সভাকক্ষ, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ


সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব জানান, ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় ৬টি কার্যক্রমের বিপরীতে ৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তিনি প্রতিটি সূচকের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	চলতি অর্থবছরের ১ম ও ২য় কোয়ার্টারের সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।	নৈতিকতা কমিটির সভা যথাসময়ে আহ্বান করতে হবে।	এপিএ শাখা/ সদস্য সচিব
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভা।	সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	এপিএ শাখা/ সদস্য সচিব
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন	২য় ও ৩য় কোয়ার্টারের দু'টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।	ক) নভেম্বর ২০২২ তারিখে ২য় কোয়ার্টার এ ১ম সভা অনুষ্ঠিত হয়েছে এবং মার্চ ২০২৩ তারিখে ৩য় কোয়ার্টারের সভা সম্পন্ন করতে হবে। খ) আলোচ্য বিষয় নির্ধারণ করতে দ্রুত নথি পেশ করতে হবে।	এপিএ শাখা/ সদস্য সচিব
১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার সম্পর্কিত বিষয়ে ২য় কোয়ার্টারে ২৫ জন এবং ৩য় কোয়ার্টারে ২৫ জনসহ সর্বমোট ৫০ জনকে দুই ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে।	প্রশিক্ষণ খাতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে। উল্লেখ্য ২১ ডিসেম্বর ২০২৩ তারিখ শুদ্ধাচার সম্পর্কিত বিষয়ে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	এপিএ শাখা

<p>১.৫ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন অধিদফতরে দাখিল ও স্ব-স্ব ওয়েবসাইটে আপলোডকরণ।</p>	<p>জাতীয় শুদ্ধাচার নির্দেশিকা মোতাবেক বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০২২-২৩ প্রস্তুত পূর্বক মহাপরিচালক মহোদয়ের অনুমোদন নিমিত্ত সমাজসেবা অধিদফতরে প্রেরণ করা হয়। অনুমোদিত কপি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে অধিদফতরে প্রেরণ এবং একই সংগে ওয়েব সাইটে আপলোড করতে হবে।</p>	<p>কোন সংশোধনী থাকলে নির্ধারিত সময়ে তা করতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট শাখা</p>
<p>১.৬ মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও শুদ্ধাচার প্রতিষ্ঠা।</p>	<p>মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও শুদ্ধাচার প্রতিষ্ঠা সম্পর্কে আলোচনা করা হয়।</p>	<p>বিভাগের আওতাধীন কার্যালয় সমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন এবং শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট সকল ইউনিট</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



তাপস ফলিয়া
অতিরিক্ত পরিচালক

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ